



DS (B/A)

প্রকৃতির সঙ্গে মন্থন করে
Job site-এ Upload করে
চলবে কিনা

ডায়েরী নম্বর : ২৫৬২
তারিখ : ০৬ OCT ২০২২
মুদ্র-সচিব (এঃ)/(বাঃ)
মুদ্র-সচিব (সঃক)/(যুঃসঃ)
সচিব (পরিবহন)
সচিব (এঃ-১/২)

জাতি	৬৩২
বৃত্তি	২৯/১২
কর্মসম্পাদন	✓
অপেক্ষিত	
অতিরিক্ত	
অতিরিক্ত (সিআই/সিআইসি)	
পিএ	
মিলিং	

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
ই-মেইল: cab_secy@cabinet.gov.bd

আধা-সরকারি পত্র নম্বর: ০৪.০০.০০০০.৮২৬.২২.০০১.২০.৩২

তারিখ: ১০ আশ্বিন ১৪২৯
২৫ সেপ্টেম্বর ২০২২

০৪/১০/২২ প্রিয় সহকর্মী,

আমার শুভেচ্ছা নিবেন। মন্ত্রণালয়/বিভাগের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত মূল্যায়নে জনপ্রশাসন মন্ত্রণালয় ৯৯.০৮ নম্বর পেয়ে ৫২টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে প্রথম স্থান অর্জন করেছে। এই অর্জনে আপনাকে এবং আপনার সহকর্মীদের মন্ত্রিপরিষদ বিভাগের পক্ষ থেকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছি।

আপনি অবগত আছেন যে, বর্তমান সরকার ২০৪১ সালের মধ্যে বাংলাদেশকে একটি উন্নত রাষ্ট্রে পরিণত করতে প্রতিশ্রুতিবদ্ধ। এই উন্নয়ন রূপকল্প বাস্তবায়নে সরকারি কর্মসম্পাদনে গতিশীলতা ও জবাবদিহি বৃদ্ধির কোনো বিকল্প নেই। আর সে লক্ষ্যেই সরকারি প্রতিষ্ঠানসমূহের কর্মকাণ্ডে দক্ষতা ও দায়বদ্ধতা বৃদ্ধির মাধ্যমে কাঙ্ক্ষিত উন্নয়ন অভীষ্টসমূহ অর্জনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০১৪-১৫ অর্থবছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রবর্তন করা হয়। ভবিষ্যতে আপনার মন্ত্রণালয়ের মধ্যমেয়াদি বাজেট কাঠামোর সঙ্গে সামঞ্জস্য রেখে এপিএ-তে পারফরমেন্সধর্মী কার্যক্রমসমূহ অধিকহারে অন্তর্ভুক্ত করা হলে তা এই চুক্তির মূল উদ্দেশ্যসমূহ অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আমি মনে করি।

এপিএ'র দক্ষ ও কার্যকর বাস্তবায়নে আপনার মন্ত্রণালয়, আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের অফিসসমূহের এই আন্তরিক প্রচেষ্টা ভবিষ্যতেও অব্যাহত থাকবে-এই প্রত্যাশা করছি। এপিএ বাস্তবায়নে মন্ত্রিপরিষদ বিভাগ সবসময় আপনার পাশে থাকবে।

শুভেচ্ছান্তে,

৬৩২
০৪/১০/২২

আন্তরিকভাবে আপনার

(খন্দকার আনোয়ারুল ইসলাম)

জনাব কে এম আলী আজম
সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়।